

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৭, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মূল্য সংযোজন কর ]  
বিশেষ আদেশ

তারিখ : ০২ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/১৬ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Service) এর শুধুমাত্র E-book এর স্থানীয় সরবরাহ ও আমদানি পর্যায়ে সম্মুদয় মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

নং-০৩/মূসক/২০২৫—যেহেতু, বাংলাদেশে সকল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য পুস্তকের সহজলভ্যতা, আধুনিক ও তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা এবং শিক্ষা ব্যবস্থার মান উন্নয়নের লক্ষ্যে ই-বুক সেবা সার্বজনীন ও সহজলভ্য করা একান্ত প্রয়োজন;

সেহেতু, আধুনিক ও তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা এবং ই-বুক সেবা সার্বজনীন ও সহজলভ্য করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, শুধুমাত্র E-book সেবা (সংবাদ পত্র, পত্রিকা, সাময়িকী ও জার্নাল ব্যতীত) এর ক্ষেত্রে আমদানি ও সরবরাহ পর্যায়ে আরোপণীয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুন্সী  
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ৬৬১ )

মূল্য : টাকা ৪.০০